

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৮৩৬

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ ভোরে মিনা থেকে আরাফায় যাওয়ার সময় তাহলীল ও তাকবীর বলা বৈধ হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذَكَرُ الْإِبَاحَةِ لِلْغَادِي مِنْ مَنَى إِلَى عَرَفَاتٍ أَنْ يَهْلِلَ وَيَكْبِرَ

আরবী

3836 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنُ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ مُحَمَّدِ بْنِ أَبِي بَكْرٍ الثَّقَفِيِّ:

أَنَّهُ سَأَلَ أَنَسَ بْنَ مَالِكٍ - وَهُمَا غَادِيَانِ مِنْ مَنَى إِلَى عَرَفَةَ -: كَيْفَ كُنْتُمْ تَصْنَعُونَ فِي هَذَا الْيَوْمِ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَقَالَ: كَانَ يُهْلِلُ الْمُهْلُ بِمَنَى فَلَا يُنْكَرُ عَلَيْهِ وَيُكَبِّرُ الْمُكَبِّرُ فَلَا يُنْكَرُ عَلَيْهِ.

الراوي : مُحَمَّدُ بْنُ أَبِي بَكْرٍ الثَّقَفِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3836 | خلاصة حكم المحدث: صحيح: خ (1659) ، م (4 / 72).

বাংলা

৩৮৩৬. মুহাম্মাদ বিন আবু বকর আস সাকাফী রহিমাল্লাহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি আনাস রাদিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করেন, -এসময় তারা ভোরে মিনা থেকে আরাফায় যাচ্ছিলেন- “এই দিন আপনারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে কী করতেন?” তিনি জবাবে বলেন, “মিনায় কোন তাহলীল পাঠকারী তাহলীল পাঠ করতেন, তার এ কাজের কোন প্রতিবাদ করা হতো না, আবার কেউ তাকবীর পাঠ করতেন, কিন্তু তার এই কাজের কোন প্রতিবাদ করা হতো না।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৩৩৭; মুসনাদ আহমাদ: ৩/২৪০; দারেমী: ২/৫৬; সহীহুল বুখারী: ৯৭০; সহীহ মুসলিম: ১২৮৫; নাসাঈ: ৫/২৫০; সুনানবাইহাকী: ৩/৩১৩; বাগাবী: ১৯২৪; ইবনু মাজাহ: ৩০০৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৮৩৬)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ মুহাম্মদ ইবন আবু বকর আস-সাকাফী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93175>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন